তারিখ 29 NOV 1995
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক সংবাদ

150

ডিগ্রি পরীক্ষা ঃ কুমিল্লা কেন্দ্র

# এক ভাই ভিতরে লিখে, আরেক ভাই বাইরে থেকে পাঠায় মাধ্যম ঃ ওয়াকিটকি

॥ নূরুর রহমান ॥

কুমিল্লা, ২৮শে নভেম্বর।– পরীক্ষায় নকল করার জন্য আধুনিক প্রযুক্তি ব্যবহার করতে গিয়ে ধরা পড়েছে ডিগ্রি পরীক্ষার্থী আবু মুসা (রোল কুম ১ নং ১০৩২৬৩) ও তার বড় ভাই আবু কাউসার।

কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ পরীক্ষা কেন্দ্র থেকে আজ ইসলামের ইতিহাস তৃতীয় পত্রের পরীক্ষার সময় পুলিশ ২টি ওয়াকিটকিসহ তাদের গ্রেফ–তার করে। ওয়াকিটকি দিয়ে নকল করার এই বিরল ও বিচিত্র ঘটনাটি ধরে পুলিশও সমস্যায় পড়েছে। আইনের কোন্ ধারায় তাদের বিরুদ্ধে মামলা দায়ের করবে তা ঠিক করে উঠতে পারছে না।

দু'টি ওয়াকিটকির একটি ছিল পরীক্ষার্থী আবু মুসার কাছে। দ্বিতীয়টি ছিল তার বড় ভাই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাসের এমএ ক্লাসের ছাত্র

পরীক্ষা ঃ পৃঃ ৬ কঃ ৪

থাকে না।

পরীক্ষা ঃ কুমিল্লা কেন্দ্র

( ১ম পৃষ্ঠার পর )

আবু কাউসারের কাছে। আবু মুসার কোমরে লুকানো ছিল ওয়াকিটকির গ্রহণ যন্ত্রটি। কানে ছিল ইয়ার ফোন। মাফলার দিয়ে মাথা ও কান পেঁচিয়ে তা লুকিয়ে রাখা হয়েছিল। পরীক্ষা কেন্দ্রের বাইরে থেকে আবু কাউসার বই খুলে প্রশ্নের উত্তর রিলে করার সময় কর্তব্যরত সহকারী দারোগা আবদুস সাত্তারের চোখে পড়ে। সহকারী দারোগা আবদুস সাত্তার আবু কাউসারকে আটক করলে সে পরীক্ষার্থীর পরিচয় জানিয়ে দেয়। পরে পুলিশ আবু মুসাকে পরীক্ষা কেন্দ্র থেকে আটক করে।

আবু মুসা জানিয়েছে, পরীক্ষার আগে ১৮শ' টাকা দিয়ে সে ওয়াকিটকি সেটটি ঢাকার বায়তুল মোকাররম থেকে কিনেছিল। সে ১৯৯৩ সালে কুমিল্লা আলীয়া মাদ্রাসা থেকে তৃতীয় বিভাগে আলীম পাস করার পর ডিগ্রিতে ভর্তি হয়েছিল। তাদের বাড়ি মুরাদনগর থানার কোরবানপুর গ্রামে। সে কুমিল্লা শহরের কাপ্তানবাজারে একটি মেসে থাকতো এবং গৃহশিক্ষকের কাজ করতো। গৃহশিককতার উপার্জন দিয়ে সে ওয়াকিটকি সেটটি কেনে।